

## কাল যদি না আসে কোনদিনই

কাল যদি না আসে কোনদিনই !  
তাই এসো, আজকের দিনটিকে বিমূর্ত করে রাখি  
ভালবাসার অমর্ত্য সঙ্গীতে ।

যদি যেতে চাও মস্তুর পায়ে হেঁটে হেঁটে  
বিষণ্ন দুপুরে ধুলো মাখা অলি গলি ধরে  
লক্ষ্যহীন নিরুদ্দেশ কোথাও—  
তোমার সঙ্গেই থাকবো অন্তরঙ্গ প্রতি পদক্ষেপে  
যেখানেই যাও, যতদূর যেতে চাও ।  
অথবা শেষ বিকেলের ধূসর আলোয়  
ত্রিয়মান শ্যাম বনানীর ছায়াঙ্ককারে  
মুখোমুখি বসে থাকি দু'জনে, নিশ্চুপ নীরবে একান্ত নির্জনে ।

এসো, আজকের দিনটিকে মুখর করে রাখি  
পাখির কুঁজনে কিংবা পত্র মর্মরে,  
মনে করবো পৃথিবীতে কোথাও কেউ নাই  
আজ শুধু আমাদের একান্ত দু'জনার ।

যেখানেই থাকি, যেমনই থাকি  
দু'জনার হাতে হাত ধরা থাক সারাফণ  
হৃদয়ের কথা হৃদয়ের সাথেই হোক বিনিময়  
নিঃশ্বাসে প্রাণস্বাসে স্পর্শের অনিন্দ্য শিহরণে  
একে অন্যকে চিনে নিই শুরু থেকে শেষ ।

কাল যদি না আসে, না আসুক  
আজকের দিনটিই ফিরে ফিরে আসুক প্রতিদিন  
তোমাকে আমাকে ঘিরে আজকের দিন তবে হোক  
ভালবাসা মাখা অনন্য কিছু, ভালবাসার মতোই ।

ঢাকা : ১০.০১.২০০৭ মুহম্মদ আবদুস সালাম